



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১১.০০৫.২২-১১৭২

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯  
১৬ অক্টোবর ২০২২

বিষয়: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী ৪০(চল্লিশ)টি গাড়ী চালক (হালকা)-এর সেবা ক্রয়ের অনুমতি প্রদান।

সূত্র: (১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১০.০০০০.০১৭.৯৯.৪৮৩.২১-৫২১, তারিখ: ২৪ আগস্ট ২০২২খ্রি.;  
(২) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১২৯.০০.০০২.২২.১৪১, তারিখ: ০৩ অক্টোবর ২০২২খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ২নং স্মারকের পরিপ্রেক্ষিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮-এর ৩(২) অনুযায়ী অর্থ বিভাগের ১০ জুন ২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসারে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জন্য ৪০টি গাড়ী চালক (হালকা)-এর সেবা নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক আউটসোর্সিংয়ের মাধ্যমে ক্রয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র: নং	সেবার নাম ও ক্যাটাগরি	সেবার সংখ্যা
০১.	গাড়ী চালক (হালকা) (সেবার ক্যাটাগরি-২)	৪০(চল্লিশ)টি

শর্ত:

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব আয় হতে উক্ত সেবা ক্রয়ের ব্যয় নির্বাহ করতে হবে; এ জন্য অর্থ বিভাগ বা এ বিভাগ হতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না;
- বর্ণিত সেবা ক্রয়ের ক্ষেত্রে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮-এর বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- অর্থ বিভাগের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এবং ১০ জুন ২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে;
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান আউটসোর্সিংয়ের মাধ্যমে সেবা ক্রয়যোগ্য পদসমূহ কোন কারণে শূন্য হলে সাংগঠনিক কাঠামো থেকে তা বিলুপ্ত করে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয় করতে হবে;
- স্থানীয় সরকার বিভাগের ০৫ এপ্রিল ২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.২৮.৩৬৪.১৫-৩১১নং স্মারকে সৃজিত গাড়ী চালক (হালকা)-৮৪(চুরাশি)টি পদ থেকে ৪০(চল্লিশ)টি পদ বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং
- এ বিষয়ে প্রচলিত অন্যান্য বিধি বিধান, নিয়মাবলী ও আনুষ্ঠানিকতা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ শামছুল ইসলাম)  
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: [lgcc1@lgd.gov.bd](mailto:lgcc1@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।

**অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে:**

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।